

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA**  
**Date: 02-02-2026**  
**Time: 07:55-08:05 PM Hrs**  
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

- (১) সংসদের বাজেট অধিবেশনে রাষ্ট্রপতি দ্রোপদী মুর্মুর ভাষণের উপর ধন্যবাদ প্রস্তাব নিয়ে সংসদে আলোচনা শুরু হয়েছে।
- (২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, ২০২৬-২৭ সালের কেন্দ্রীয় বাজেটে বিকশিত ভারত-২০৪৭ এর দিশা প্রতিফলিত হয়েছে।
- (৩) পঞ্চায়েত মন্ত্রী কিশোর বর্মন জানিয়েছেন, পঞ্চায়েত অগ্রগতিসূচক দ্বিতীয় পর্বে সিপাহিজলা জেলার অন্তর্গত জম্পুইজলা ন্যাকের যুগল কিশোর নগর ভিলেজ কমিটি সারা দেশের মধ্যে প্রথম স্থান অর্জন করেছে।
- (৪) কেন্দ্রীয় মন্ত্রী মনসুথ মাহাভিয়া আজ "MY Bharat Budget Quest 2026" চালু করেছেন।
- (৫) জেনারেল পমজং স্মৃতি আমন্ত্রণমূলক ফুটবল টুর্নামেন্টের আজকের খেলায় আসাম পুলিশ দল দুই-এক গোলের ব্যবধানে মিজোরামের মামি F.C দলকে প্রভাজিত করেছে।

\*\*\*\*\*

**Budget Discussion :**

সংসদের উভয় কক্ষের যৌথ অধিবেশনে রাষ্ট্রপতি দ্রোপদী মুর্মুর ভাষণের উপর ধন্যবাদ প্রস্তাব নিয়ে সংসদে আলোচনা শুরু হয়েছে। আলোচনার জন্য মোট ১৮ ঘন্টা সময় বরাদ্দ করা হয়েছে। আজ নিম্নকক্ষে প্রস্তাবটি উত্থাপন করে কেন্দ্রীয় মন্ত্রী এবং বিজেপি সাংসদ সর্বানন্দ সোনোয়াল রাষ্ট্রপতি মুর্মুর ভাষণকে অসাধারণ বলে অভিহিত করেছেন। তিনি বলেন, রাষ্ট্রপতির ভাষণ দেশের ভবিষ্যতের জন্য একটি অনুপ্রেরণামূলক দৃষ্টিভঙ্গি

প্রদান করেছে। তিনি বলেন, এটি সামাজিক ন্যায়বিচার, অঙ্গরুক্ষিমূলক প্রবৃদ্ধি এবং উন্নত ভারত গঠনের প্রতি সরকারের অঙ্গীকারের প্রতিফলন ঘটায়। মন্ত্রী বলেন, এই সরকারের জন্য, "সবকা সাথ, সবকা বিকাশ, সবকা বিশ্বাস এবং সবকা প্রচেষ্টা" মন্ত্র কেবল একটি স্লোগান নয়, বরং সরকারের জন্য একটি পথপ্রদর্শক নীতি। তিনি বলেন যে, ২০১৪ সালে বিশ্বের ভঙ্গুর পাঁচটি অর্থনীতির অংশ থেকে, দেশটি বিশ্বের চতুর্থ বৃহত্তম অর্থনীতিতে পরিণত হয়েছে। তিনি আরও বলেন যে ভারত আন্তর্বিশ্বাসের সাথে বিকশিত ভারতের লক্ষ্যের দিকে এগিয়ে চলেছে। সর্বানন্দ সোনাওয়ালের উত্থাপিত ধন্যবাদ প্রস্তাবে বিজেপির তেজস্বী সূর্য সমর্থন করেন। তিনি বলেন, গত ১২ বছরে নরেন্দ্র মোদী সরকার মর্যাদার সাথে কাজ নিশ্চিত করেছে এবং সরকারের বিরুদ্ধে দুর্নীতির কোনও অভিযোগ ওঠেনি। তিনি বলেন, মোদী সরকার জনগণের আকাঙ্ক্ষা পূরণ করেছে এবং দেশের যুবসমাজ দেশের ভবিষ্যতের মশালবাহক হওয়ার জন্য ক্ষমতায়িত হচ্ছে।

রাষ্ট্রপতির ভাষণের উপর ধন্যবাদ প্রস্তাব নিয়ে রাজ্যসভায় আলোচনার জন্য ১৬ ঘন্টা সময় বরাদ্দ করা হয়েছে।

আজ প্রস্তাবটি উত্থাপন করে মনোনীত সদস্য সি সদানন্দন মাস্টার বলেন, রাষ্ট্রপতি মুর্মু তার ভাষণে ভারতের বিকশিত ভারতের দিকে যাত্রার একটি স্পষ্ট এবং আন্তর্বিশ্বাসী দৃষ্টিভঙ্গি তুলে ধরেছেন। তিনি বলেন, প্রথম দিন থেকেই এনডিএ সরকার সামাজিক ন্যায়বিচার এবং দারিদ্র্য দূরীকরণের বিষয়ে অত্যন্ত স্পষ্ট। সাংসদ বলেন, বিকশিত ভারত কেবল "সবকা সাথ, সবকা বিকাশ, সবকা বিশ্বাস এবং সবকা প্রচেষ্টা" এই মৌলিক কৌশল দিয়েই গড়ে তোলা সম্ভব।

প্রস্তাবটি সমর্থন করে বিজেপির ডঃ মেধা বিস্রম কুলকার্নি বলেন, রাষ্ট্রপতির ভাষণ ভারতের অব্যাহত অগ্রগতির উপর আলোকপাত করে। তিনি বলেন, ভারতের অর্থনীতি অত্যন্ত শক্তিশালী, প্রবৃদ্ধির হার ৭.২ শতাংশে উন্নীত হয়েছে। ডঃ কুলকার্নি বলেন, জিএসটি রাজস্ব বৃদ্ধি পেয়েছে এবং গত কয়েক বছরে তিন কোটি নতুন করদাতা যুক্ত হয়েছেন।

কংগ্রেসের দিঘিজয় সিৎ অভিযোগ করেছেন যে সরকার কৃষক ও শ্রমিক বিরোধী। তিনি আরও অভিযোগ করেছেন যে দেশে কর্মসংস্থান হ্রাস পাচ্ছে এবং সরকারের প্রতিশ্রুতি সঙ্গেও, কৃষকদের আয় এখনও দ্বিগুণ করা হচ্ছে। টিএমসির সাগরিকা ঘোষ অভিযোগ করেছেন যে ডিজিটাল সিস্টেমগুলি সাইবার জালিয়াতি এবং ডেটা কেলেক্ষানীতে সহায়তা করছে। তিনি বলেন যে বায়ু দূষণ এবং জল দূষণ বৃদ্ধি পাচ্ছে এবং আর্থিক শক্তি হচ্ছে।

\*\*\*\*\*

### **Budget Press Meet-CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, ২০২৬-২৭ সালের কেন্দ্রীয় বাজেটে বিকশিত ভারত-২০৪৭ এর দিশা প্রতিফলিত হচ্ছে। আজ আগরতলায় বিজেপি প্রদেশ কার্যালয়ে সাংবাদিক সম্মেলনে তিনি একথা বলেন। তিনি বলেন, এবারের কেন্দ্রীয় বাজেট ভবিষ্যতের অর্থনৈতিক অগ্রগতি, সামাজিক উন্নয়নের উপর ভিত্তি করে তৈরী করা হচ্ছে। মুখ্যমন্ত্রী বলেন, বাজেটে পরিকাঠামো উন্নয়নের উপর জোর দেওয়া হচ্ছে। কৃষকদের স্বার্থে ফসলের সর্ঠিক ন্যায্য মূল্য বিষয়টিকে অগ্রাধিকার দেওয়া হচ্ছে। পাশাপাশি স্বাস্থ্য ক্ষেত্রে সাম্রাজ্যী মূল্যে স্বাস্থ্য সুরক্ষা প্রদান, জাতীয় স্বাস্থ্য মিশনকে আরো শক্তিশালী করে গড়ে তোলার উপর বিশেষ গুরুত্ব আরোপ করা হচ্ছে। তিনি আরো বলেন, শিক্ষা পরিকাঠামো সম্প্রসারণ, যুব সমাজের দক্ষতা বৃদ্ধি, নবীকরণযোগ্য শক্তির অগ্রগতি, প্রতিরক্ষা ব্যবস্থার উন্নয়ন, উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলি নিয়ে বুদ্ধিগ্রস্ত সার্কিট গড়ে তোলা ইত্যাদি বিষয়ের উপর জোর দেওয়া হচ্ছে। বাজেটে কর কাঠামো নিয়ে যে সমস্ত প্রস্তাব রাখা হচ্ছে তাও সাংবাদিক সম্মেলনে বিস্তারিত উল্লেখ করেন মুখ্যমন্ত্রী।

# # # # # Byte-CM # # # # #

\*\*\*\*\*

### **Congress Press Meet :**

প্রদেশ কংগ্রেস সভাপতি আশিস কুমার সাহা এবারের কেন্দ্রীয় বাজেটকে দিশাইন বাজেট বলে মন্তব্য করেছেন। আজ আগরতলায় কংগ্রেস ভবনে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে তিনি বলেন, গতানুগতিক এই বাজেটে উন্নয়নমূল্যী কোনো দিশা নেই। এবারের বাজেটে কর্মসংস্থানের সুযোগ সংকুচিত হবে। উত্তর-পূর্বাঞ্চলের বিকাশের জন্য এই বাজেটে তেমন কোনো সংস্থান রাখা হ্যনি বলে শ্রী সাহা মন্তব্য করেন।

\* \* \* \* \*

### **Achievement-Kishor Barman :**

পঞ্চায়েত মন্ত্রী কিশোর বর্মন জানিয়েছেন, পঞ্চায়েত অগ্রগতিসূচক দ্বিতীয় পর্বের সিপাহিজলা জেলার অন্তর্গত জম্পুইজলা লকের যুগল কিশোর নগর ভিলেজ কমিটি সারা দেশের মধ্যে প্রথম স্থান অর্জন করেছে। তাছাড়া নলচড় লকের দক্ষিণ নলচড় গ্রাম পঞ্চায়েত তৃতীয় স্থান ও চড়িলাম লকের ছেচড়িমাইল গ্রাম পঞ্চায়েত চতুর্থ স্থান অর্জন করেছে। তিনি বলেন, এই সাফল্য ত্রিপুরার শক্তিশালী পঞ্চায়েত ব্যবস্থা ও জনঅংশগ্রহণমূলক উন্নয়নের উজ্জ্বল দৃষ্টান্ত। তিনি এই সাফল্যের জন্য সমস্ত জনপ্রতিনিধি ও সাধারণ জনগনকে আন্তরিক অভিনন্দন জানিয়েছেন।

\* \* \* \* \*

### **Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

# # # # # Sound Byte# # # # #

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন - ডল্লিউ. ডল্লিউ. ডল্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন টুইটার বা এক্স হ্যান্ডেল আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

\* \* \* \* \*

### **MY Bharat Budget Quest :**

কেন্দ্রীয় মন্ত্রী মনসুথ মান্ডাভিয়া আজ "MY Bharat Budget Quest 2026" চালু করেছেন। বিকশিত ভারত ইয়ং লিডার্স ডায়ালগের সাফল্যের পর, আগামীকাল থেকে শুরু হতে যাওয়া দেশব্যাপী যুব-কেন্দ্রিক এই উদ্যোগের লক্ষ্য দেশের যুবাদের কেন্দ্রীয় বাজেট সম্পর্কে ধারণা বৃদ্ধি করা, বাজেটের বিধানগুলিকে আরও সহজলভ্য, প্রাসঙ্গিক এবং নাগরিক-কেন্দ্রিক করে তোলা। এটি একটি কাঠামোগত এবং অংশগ্রহণমূলক কাঠামোর মাধ্যমে সারা দেশের কলেজ, প্রতিষ্ঠান এবং কোচিং সেন্টারের তরুণদের সম্পৃক্ত করে বাজেটকে নাগরিকদের দৈনন্দিন জীবনের সাথে সংযুক্ত করার চেষ্টা করে। এই উদ্যোগের সূচনা করে মন্ত্রী বলেন, "MY Bharat Budget Quest" এর মাধ্যমে সরকার তরুণদের কর্তৃত্বকে শক্তিশালী করার উপর জোর দেয়। তিনি বলেন যে প্রতিযোগিতার প্রথম রাউন্ডটি এই মাসের ১৭ তারিখ পর্যন্ত MY Bharat পোর্টালে নিবন্ধিত তরুণদের জন্য উন্মুক্ত থাকবে। এর পরে, প্রতিটি রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চল থেকে সেরা অংশগ্রহণকারীদের নির্বাচন করা হবে এবং তারা ১৭ই ফেব্রুয়ারি থেকে ৩ মার্চ পর্যন্ত দ্বিতীয় প্রবন্ধ লেখার রাউন্ডে অংশ নেবেন। রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চল অনুসারে এই কোয়েস্টের মেধা তালিকা ১০ই মার্চ ঘোষণা করা হবে। বিজয়ীরা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে একটি কথোপকথনে অংশগ্রহণের সুযোগও পাবেন।

\* \* \* \* \*

### **CM-Killa :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ গোমতি জেলার কিল্লা ব্লকের বেশ কয়েকটি প্রকল্পের উন্মোধন করেছেন। এরমধ্যে রয়েছে আঠারোভোলা

এডিসি ভিলেজ এলাকায় নব নির্মিত অ্যাস্ট্রো-টার্ফ সিলেক্টিক ফুটবল মিনি স্টেডিয়াম, দশরথ দেব মেমোরিয়াল ইংলিশ মিডিয়াম মডেল স্কুলের ৫০ আসন বিশিষ্ট এস টি বালিকা ছাত্রাবাস, নিত্য বাজার এলাকায় ১০ শয়া বিশিষ্ট প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র ও স্টাফ কোয়ার্টার। উপস্থিত ছিলেন জন জাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা, ক্রীড়া মন্ত্রী টিক্সু রায়, বিধায়ক রামপদ জমাতিয়া, জমাতিয়া হদার অক্রা বিপ্র কুমার জমাতিয়া ও মনীন্দ্র মোহন জমাতিয়া, কিল্লা ঙ্কের বি এ সি চেয়ারম্যান বাগান হরি মলসম প্রমুখ।

\* \* \* \* \*

### **DNA Club :**

বিজ্ঞান প্রযুক্তি ও পরিবেশ মন্ত্রী অনিমেষ দেববর্মা বলেছেন, রাজ্য সরকার রাজ্যের ২২২টি শিক্ষা প্রতিষ্ঠানে ডি.এন.এ ক্লাব স্থাপন করেছে। আরও নতুন করে ৫০টি শিক্ষা প্রতিষ্ঠানে ডি.এন.এ ক্লাব স্থাপন করা হবে। আজ খোয়াইয়ে আকাশবাণীর প্রতিনিধিকে এক সাক্ষাৎকরে তিনি একথা জানান। তিনি জানান, স্কুল কলেজ এবং বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র-ছাত্রীরা যাতে বিজ্ঞান ও প্রযুক্তির বিষয়ে পড়াশোনা করার পাশাপাশি হাতে-কলমে প্রশিক্ষণ নিতে পারে তার জন্যই এই ডি.এন.এ ক্লাবগুলি স্থাপন করা হয়েছে। মন্ত্রী শ্রী দেববর্মা আজ খোয়াই ইংরেজি মাধ্যম দ্বাদশ বিদ্যালয়ের ডি.এন.এ ক্লাবের উদ্বোধন করেন। উপস্থিত ছিলেন ত্রিপুরা বায়ো টেকনোলজি কাউন্সিলের সচিব মহেন্দ্র সিং, খোয়াই জেলার জেলাশাসক রজত পাল্হ, জিলা পরিষদের সভাধিনেত্রী অপর্ণা সিংহ রায় প্রমুখ।

\* \* \* \* \*

### **CM-Blood Donation :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ তাঁর পিতা প্রয়াত মাথন লাল সাহার ২৮তম মৃত্যুবার্ষিকী উপলক্ষ্যে আয়োজিত এক রক্তদান শিবিরের উদ্বোধন করেন। পোস্ট অফিস চৌমুহনিস্থিত এম, এল প্লাজাতে আয়োজিত এই রক্তদান শিবিরে তিনি বলেন, মৃত্যুবার্ষিকী, জন্মদিবস, মৃত্যুদিবস

ইত্যাদি মানুষের আবেগঘন স্মৃতিকে সম্মান জানাতে রক্তদান উৎসবের মত উদ্যোগ অত্যন্ত গর্বের। রক্তদান এক মহান মানবিক দায়িত্ব যা মানুষের প্রাণ বাঁচায়। এই ধরনের উদ্যোগ সমাজে সহমর্�्भিতা, মানবিকতা ও সামাজিক দায়িত্ববোধকে আরও সুদৃঢ় করে। বক্তব্য রাখেন পুরনিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার। উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রীর মা সূর্যবালা সাহা, কর্পোরেটর রঞ্জা দত্ত, পদ্মশ্রী দীপা কর্মকার, মুখ্যমন্ত্রী জায়া স্বপ্না সাহা প্রমুখ।

\*\*\*\*\*

### **Gen. Padmajang Football :**

কৈলাশহর কলেজ স্টেডিয়ামে আয়োজিত জেনারেল পদ্মজং স্মৃতি আমন্ত্রণমূলক ফুটবল টুর্নামেন্টের আজকের খেলায় আসাম পুলিশ দল দুই-এক গোলের ব্যবধানে মিজোরামের মামি F.C দলকে পরাজিত করেছে। উল্লেখ্য, গত শনিবার ঐতিহ্যবাহী টুর্নামেন্টের উদ্বোধন করেন ক্রীড়ামন্ত্রী টিংকু রায়।

\*\*\*\*\*

### **Naidu Trophy :**

কর্ণেল সিকে নাইডু ট্রফি অনূর্ধ্ব ২৩ বছরের ক্রিকেটের চারদিনের খেলায় দিল্লির কাছে ত্রিপুরা ইনিংসে ৩ ও ৮২ রানে পরাজিত হয়েছে। নরসিংগড়ের পিটিএ মাঠে চতুর্থ তথা শেষ দিনে ৭ উইকেটে ২৫০ রান থেকে খেলতে নেমে রাজ্যদল দ্বিতীয় ইনিংসে সবকটি উইকেট হারিয়ে ২৭৯ করতে সক্ষম হয়। এর আগে রাজ্যদলের প্রথম ইনিংসের ১৪৯ রানের জবাবে দিল্লি ৮ উইকেটে ৫১০ রানে প্রথম ইনিংসের সমাপ্তির ঘোষণা দিয়েছিল।

\*\*\*\*\*

### **Weather :**

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হালকা কুয়াশা পড়ার স্থাবনা রয়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৮.৬ ডিগ্রি

সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৩.২ ডিগ্রি সেলসিয়াস। আগামীকাল দিনের  
সর্বোচ্চ তাপমাত্রা ২৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৩ ডিগ্রি  
সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে।

\* \* \* \* \*